



New York Medicaid-এর গুরুত্বপূর্ণ পরিবর্তনসমূহ, Child Health Plus এবং Essential Plan

আপনি বা আপনার পরিবারের কোনো সদস্যের কি বর্তমানে New York State Medicaid, Child Health Plus -এর বা Essential Plan-এর স্বাস্থ্য বিমা রয়েছে?

বসন্ত 2023 থেকে, New York State এই প্রোগ্রামে নথিভুক্ত ব্যক্তিদের যোগ্যতা পর্যালোচনা এবং নথিভুক্তি পুনর্নবীকরণ চালিয়ে যাবে। এর মানে হল আপনার স্বাস্থ্য বিমা বা আপনার পরিবারের সদস্যদের বিমা পুনর্নবীকরণ করার জন্য আপনাকে পদক্ষেপ নিতে হতে পারে। আরো জানতে, নিম্নলিখিত সংস্থানগুলো পড়ুন।

- যে সকল নিউ ইয়র্ক বাসিন্দারা NY State of Health-এর মাধ্যমে নথিভুক্ত হয়েছেন, তাদের জন্য:
 - [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী](#)
 - [আপনার বিমা পুনর্নবীকরণের জন্য যে ধাপগুলো অনুসরণ করতে হবে, সেগুলোর বিষয়ে জানুন](#)
- যে নিউ ইয়র্ক বাসিন্দারা নিউ ইয়র্ক শহরের মানব সম্পদ প্রশাসনের মাধ্যমে নথিভুক্ত হয়েছেন (Human Resources Administration-HRA), তাদের জন্য:
 - [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী](#)
 - [আপনার বিমা পুনর্নবীকরণের জন্য যে ধাপগুলো অনুসরণ করতে হবে, সেগুলোর বিষয়ে জানুন](#)
- যে সকল নিউ ইয়র্ক বাসিন্দারা সামাজিক পরিষেবার স্থানীয় দপ্তরের (Local Department of Social Services) মাধ্যমে নথিভুক্ত হয়েছেন, তাদের জন্য:
 - [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী](#)
 - [আপনার বিমা পুনর্নবীকরণের জন্য যে ধাপগুলো অনুসরণ করতে হবে, সেগুলোর বিষয়ে জানুন](#)

এখানে কিছু জিনিস আছে যা আপনি প্রস্তুতির জন্য এখনই করতে পারেন।

1) আপনার ঠিকানাটি আপ টু ডেট রয়েছে কি না, তা নিশ্চিত করুন।

আপনি যদি NY State of Health-এর মাধ্যমে নথিভুক্ত হয়ে থাকেন, তাহলে NY State of Health -এর কাছে আপনার ঠিকানা, ফোন নম্বর ও ইমেইল অ্যাড্রেস রয়েছে কি না, তা নিশ্চিত করুন, যাতে আপনার স্বাস্থ্য বীমার বিষয়ে তারা আপনার সাথে যোগাযোগ করতে পারে। আপনার তথ্য আপডেট করতে:

- NY State of Health -কে 1-855-355-5777 (TTY: 1-800-662-1220) নম্বরে ফোন করুন।
- আপনার অ্যাকাউন্ট লগ ইন করুন nystateofhealth.ny.gov-এ, অথবা

- [কোনো নথিভুক্তকরণের সহায়তাকারীর](#) সাথে যোগাযোগ করুন

আপনি যদি Medicaid-এ [আপনার কাউন্টির সামাজিক পরিষেবার স্থানীয় দপ্তরের মাধ্যমে বা নিউ ইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসনের মাধ্যমে](#) নথিভুক্তি করে থাকেন, তাহলে নিজের ঠিকানা ও ফোন নম্বর আপডেট করতে সেই অফিসের সাথে যোগাযোগ করুন।

2) অবহিত থাকুন

সোশ্যাল মিডিয়াতে NYS Medicaid Program অনুসরণ করুন! NYS Medicaid এখন Facebook, Instagram, এবং Twitter-এ চালু আছে। আপনার কভারেজকে প্রভাবিত করতে পারে, এমন খবর এবং পরিবর্তনের সর্বশেষ আপডেট পেতে অনুসরণ করুন।

- [FACEBOOK](#)
- [INSTAGRAM](#)
- [TWITTER](#)

3) টেক্সটের মাধ্যমে সতর্কতার পেতে সাইন আপ করুন

NY State of Health থেকে SMS/MMS টেক্সট অ্যালার্ট পাওয়ার জন্য সাইন আপ করুন, যাতে আপনার কভারেজ পুনর্নবীকরণ করার বিষয় সহ স্বাস্থ্য বিমা সংক্রান্ত গুরুত্বপূর্ণ আপডেট আপনার জানা থাকে।

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনি যদি NY State of Health.-এর মাধ্যমে স্বাস্থ্য বিমায় সাইন আপ করে থাকেন, শুধুমাত্র তবেই এই পরিষেবা উপলভ্য হবে।

সাবস্ক্রাইব করতে START লিখে 1-866-988-0327 নম্বরে পাঠিয়ে দিন। টেক্সটের মাধ্যমে সতর্কতা পাওয়ার বিষয়ে আরও জানুন [এই পেজে](#)।

4) পদক্ষেপ নিন

আপনার স্বাস্থ্য বিমা পুনর্নবীকরণের সময় হলে, আপনি যদি আপনার কাউন্টির স্থানীয় সামাজিক পরিষেবা দপ্তর বা নিউ ইয়র্ক সিটি মানবসম্পদ প্রশাসনের মাধ্যমে নথিভুক্ত হন, তাহলে আপনি NY State of Health -এর থেকে একটি চিঠি বা একটি পুনর্নবীকরণের প্যাকেট পাবেন। এই চিঠি/প্যাকেট আপনাকে আপনার কভারেজ পুনর্নবীকরণ করতে কী করতে হবে এবং প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার কাছে কত সময় আছে তা জানাবে। **অবিলম্বে নির্দেশাবলী অনুসরণ করুন।**